# শিশুর জন্য গাড়ির সীটের নিরাপত্তা

নিরাপদে যাত্রা শুরু করা

## পেছনমুখী



প্রায় 30 মাস বয়সী পর্যন্ত শিশুদের জন্য

## সম্মুখমুখী



এই সীটটি এমন শিশুদের জন্য যারা তাদের শারীরিক বৃদ্ধির জন্য আর পেছনমুখী সীটে বসতে পারে না।

## বুস্টার



এই সীট শিশুকে উপরে তুলে রাখে যাতে করে কোনো প্রাপ্তবয়স্কের সীট বেল্ট তার সাথে খাপ খায়।

## সীট বেল্ট



আপনার শিশু সীট বেল্টের মধ্যে থাকার জন্য প্রস্তুত কি না তা দেখতে 5টি ধাপের পরীক্ষা ব্যবহার করুন।

**শিশুরা যাতে প্রস্তুত হওয়ার আগে পরবর্তী সীটে স্থানান্তরিত না হয় তা গুরুত্বপূর্ণ, কারণ এর ফলে গুরুতর আঘাত পেতে পারে। আপনাকে নির্দেশনা দিতে সবসময় আপনার সীটে থাকা শোল্ডার মার্কার বা কাঁধ চিহ্নিতকারী ব্যবহার করুন।**

স্ট্র্যাপগুলো কাঁধ বরাবর থাকে।

শিশুর সীটে থাকা সর্বনিম্ন এবং সর্বোচ্চ উচ্চতার নির্দেশক যাচাই করুন।

স্ট্র্যাপগুলো যেন প্যাচানো না হয় এবং স্ল্যাকের এক আঙুল দৈর্ঘ্যে সেগুলো আঁটসাঁট অবস্থায় রয়েছে তা নিশ্চিত হয়ে নিন।



সঠিক অ্যাংকর পয়েন্টে পেছনের টিথার স্ট্র্যাপ শক্ত করে লাগানো রয়েছে কি না তা নিশ্চিত করুন।

আপনার শিশুকে গাড়ির সীটে তার পিঠের দিকে ও নীচের অংশ সমতলে রাখুন।

গাড়ির সীট সঠিক অবস্থায় রেখে সীট বেল্ট শক্ত রয়েছে কি না তা নিশ্চিত করুন।

গাড়িতে এর ফ্যাক্টরি দ্বারা স্থাপিত শিশু নিয়ন্ত্রণের অ্যাংকরেজ পয়েন্ট খুঁজে বের করুন (খুঁজে বের করতে না পারলে গাড়ির ম্যানুয়াল দেখুন) এবং নিশ্চিত করুন যে আপনি আপনার গাড়ির সঠিক অ্যাংকর পয়েন্ট ব্যবহার করছেন।

উপরের টিথার স্ট্র্যাপ অ্যাংকর পয়েন্টের সাথে বাঁধা আছে কি না এবং কোনভাবে ঢিলা/বেঁকে না গিয়ে টানটান অবস্থায় রয়েছে কি না এবং বাঁকানো অবস্থায় যেন না থাকে তা যাচাই করুন


উপস্থাপনকারী
ROAD SAFETY EDUCATION VICTORIA
Starting Out Safely
EARLY LEARNING ASSOCIATION AUSTRALIA
VICTORIA State Government

# শিশুর জন্য গাড়ির সীটের নিরাপত্তা

সকল শিশুর গাড়ির সীট এবং ক্যাপসুলের ক্ষেত্রে, টিথারের স্ট্র্যাপ সোজা হওয়া উচিত। অ্যাংকর পয়েন্টে পৌঁছাতে আপনার টিথার স্ট্র্যাপের একটি এক্সটেনশনের প্রয়োজন হতে পারে।

আর যদি সিটে স্ট্যাবিলাইজার বার থাকে, তাহলে সিটটি পেছনমুখী হলে বারটি ব্যবহার করুন।


সীট বেল্ট বা Isofix সংযোগকারীর যেকোনো একটি ব্যবহার করুন।




শিশুর সীটের জন্য আপনি সঠিক অ্যাংকর পয়েন্ট ব্যবহার করছেন কি না তা নিশ্চিত করুন।

সঠিক অ্যাংকর পয়েন্ট খুঁজে পেতে আপনার কার ম্যানুয়াল ব্যবহার করুন।

## অ্যাংকর পয়েন্টসমূহ




সীটে একটি অনুমোদিত অস্ট্রেলিয়ান স্ট্যান্ডার্ড স্টিকার এবং লেবেলিংয়ে **AS/NZS 1754** দেখা যায় কি না তা নিশ্চিত করুন। স্টিকার ক্ষতিগ্রস্থ করা বা অপসারণ করা উচিত **নয়**। যথাযথ স্টিকার ছাড়া সীট ব্যবহার করা উচিত নয়।




চাইল্ড বুস্টার সীট থেকে কোনো শিশুকে সরানোর আগে, **অনুগ্রহ করে নিশ্চিত করুন যে তার পরীক্ষার 5টি ধাপ পূরণ করুন**।

যদি সে 5টি ধাপের সবগুলো উত্তীর্ণ না হয়, তবে তাকে অবশ্যই একটি বুস্টার সীটে থাকতে হবে।

এটির উচ্চতা প্রায় 145 সেন্টিমিটার

## পাঁচটি ধাপের পরীক্ষা



1. গাড়ির সীটের দিকে পিঠ দিয়ে বসা
2. সীটের শেষ প্রান্তে হাঁটু ভাঁজ করে রাখা
3. কোমরের বেল্টটি উরুর উপর থাকা
4. কাঁধের মধ্যভাগ দিয়ে শোল্ডার বেল্ট
5. ভ্রমণকালে এই অবস্থানে থাকতে পারে

শিশুদের বসার সবচেয়ে নিরাপদ সীট হচ্ছে পেছনের সীট। 145 সেন্টিমিটার চেয়ে বেশি উচ্চতাসম্পন্ন 12 বছর বয়সী শিশু সামনের সীটে বসতে পারবে।

সক্রিয় এয়ার ব্যাগ লাগানো আছে এমন স্থানে কখনো পেছনমুখী গাড়ির সীট রাখবেন না।



আরো তথ্যের জন্য 'ELAA-এর নিরাপদে যাত্রা শুরু করা' এর ওয়েবসাইটে যান **www.childroadsafety.org.au**